



গঠনতন্ত্র

সদস্য মিটিং নং-০১ অনুযায়ী অনুমোদিত ও প্রকাশিত

প্রথম প্রকাশ: ১০ জানুয়ারী ২০২৫ ইং

এক নজরে ইউনিটি-৩০

অর্থবছর ২০২৫ ভিত্তিক

৩০ সদস্য হিসাব ২৮ জন ব্যক্তি	১০,০০০ মাসিক চাঁদা প্রতি হিসাব / টাকা	৫০,০০০ ষাণ্মাসিক চাঁদা বছরে দুইবার / টাকা	২,২০,০০০ বার্ষিক দায় প্রতি হিসাব / টাকা	৬৬,০০,০০০ বার্ষিক তহবিল সমুদয় সদস্য / টাকা
------------------------------------	---	---	--	---

১.০। ভূমিকা ও প্রস্তাবনা

ইউনিটি-৩০, ৩০ সদস্য বিশিষ্ট একটি স্বতঃস্ফূর্ত ও বিনিয়োগনির্ভর সমিতি। সম্মিলিত সঞ্চয়, যৌথ বিনিয়োগ, স্বচ্ছাশ্রম ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের মধ্য দিয়ে ঢাকায় প্রত্যেক সদস্যের জন্য স্থায়ী আবাসন নিশ্চিত করাই সমিতির মূল লক্ষ্য ও অভীষ্ট। এই গঠনতন্ত্র সমিতির কাঠামো, আর্থিক শৃঙ্খলা ও কার্যপ্রণালির নীতিমালা নির্ধারণ করে এবং সকল সদস্যের জন্য সমভাবে প্রযোজ্য ও অবশ্যপালনীয়।

১.২। লক্ষ্য ও উদ্দেশ্য

- নিয়মিত মাথাপিছু চাঁদা সংগ্রহ করে বিচক্ষণ সঞ্চয় ও বিনিয়োগের মাধ্যমে বৃহৎ তহবিল গঠন করা।
- সমিতির তহবিল হতে ভূমি ক্রয় ও ভবন নির্মাণের মাধ্যমে সদস্যদের আবাসন নির্ভর বিনিয়োগ নিশ্চিত করা।
- স্বচ্ছ, জবাবদিহিমূলক ও কার্যকর প্রশাসনিক কাঠামোর মাধ্যমে সমিতি পরিচালনা করা।
- সদস্যদের মধ্যে পারস্পরিক বন্ধন, সামাজিক সংহতি ও সহযোগিতা বৃদ্ধি করা।
- আবাসন চাহিদা পূরণের পর অর্জিত অভিজ্ঞতা ও সম্মিলিত পুঁজি কাজে লাগিয়ে পুনঃ বিনিয়োগে অংশগ্রহণ করা।

১.৩। প্রাথমিক আর্থিক হিসাব

প্রতিটি সদস্য হিসাবের বিপরীতে মাসিক ১০,০০০ টাকা এবং বছরে দুইবার ষাণ্মাসিক ৫০,০০০ টাকা হারে কিস্তি/চাঁদা পদান করবেন। এতে প্রতি হিসাবে বার্ষিক দায় দাঁড়ায় ২,২০,০০০ টাকা এবং ৩০টি হিসাব হতে সমিতির বার্ষিক তহবিল দাঁড়ায় ৬৬,০০,০০০ টাকা। সমুদয় অর্থ সমিতির নামে পরিচালিত ব্যাংক হিসাবে জমা থাকবে এবং কেবল ভূমি ক্রয়, ভবন নির্মাণ, সমিতি পরিচালনা ও অনুমোদিত বিনিয়োগ কার্যে ব্যবহৃত হবে।

খাত	প্রতি হিসাব (টাকা)	৩০ হিসাব (টাকা)
মাসিক চাঁদা	১০,০০০	৩,০০,০০০
ষাণ্মাসিক চাঁদা (বছরে ২ বার)	১,০০,০০০	৩০,০০,০০০
বার্ষিক মোট দায়	২,২০,০০০	৬৬,০০,০০০
বিলম্ব ফি - মাসিক কিস্তি	১,০০০ / মাস	
বিলম্ব ফি - ষাণ্মাসিক কিস্তি	৫,০০০ / পরবর্তী মাস	

UNITY 30

4/C (3rd Floor), Paradise Lake View Apartments,
BO-73/1, Lake Drive Road, South Gulshan, Dhaka-1212
Phone: 01929125100
Email: ranamishuk@gmail.com

উল্লেখ্য যে, পরিচালনা পর্ষদ প্রতি বার্ষিক সভায় আলোচনার মাধ্যমে সকল সদস্যদের সুবিধা ও অসুবিধার ভারসাম্য বিবেচনায় নিয়ে উক্ত কিস্তি/চাঁদা এবং জরিমানার পরিমাণ হ্রাস-বৃদ্ধি করিতে পারবেন।

২.০। সদস্য ব্যবস্থাপনা

২.১। সদস্যভুক্তি

সমিতির প্রাথমিক সদস্য হিসাবের সংখ্যা হবে ৩০টি। প্রত্যেক সদস্য লিখিত ঘোষণাপত্রে স্বাক্ষরের মাধ্যমে সদস্যপদ গ্রহণ করিবেন যাহা সমিতির নিয়ত-নীতি ও গঠনতন্ত্রের প্রতি আনুগত্যের অঙ্গিকার স্বরূপ। প্রতিটি হিসাবের বিপরীতে ৩০০১ হতে ৩০৩০ ক্রমিক একটি স্থায়ী পরিচিতি নম্বর বরাদ্দ রয়েছে যাহা কখনও পরিবর্তন বা পরিবর্ধন করা যাবে না এবং সকল হিসাব-নিকাশ নাম ভিত্তিতে না হয়ে পরিচিতি নম্বর অনুসারে সংরক্ষিত হবে। ভবিষ্যতে জরুরী প্রয়োজনে হিসাব সংখ্যা বৃদ্ধি করতে হলে পরিচালনা পর্ষদের সর্বসম্মত সিদ্ধান্ত ও ন্যূনতম ৮০% সদস্যের লিখিত সম্মতি আবশ্যিক হবে; নতুন সদস্যকে নির্ধারিত আবেদন ফরম পূরণ পূর্বক তালিকাভুক্তি ফি ও হাল সময়ের সমস্ত চাঁদা এককালীন পরিশোধ করতে হবে।

২.২। চাঁদা প্রদানের বাধ্যবাধকতা

- (ক) প্রতি মাসের ১ হতে ১০ তারিখের মধ্যে মাসিক চাঁদা এবং বকেয়া শুরুর ১ মাসের মধ্যে ঋণাসিক ফি পরিশোধ বাধ্যতামূলক।
- (খ) সদস্যগণ ইচ্ছা করলে এক বছরের সমুদয় চাঁদা ও ঋণাসিক ফি এককালীন পরিশোধ করতে পারবেন।
- (গ) নির্ধারিত সময়ে চাঁদা পরিশোধে ব্যর্থ হলে **অনুচ্ছেদ ৪.২** অনুযায়ী বিলম্ব ফি প্রযোজ্য হবে।
- (ঘ) অতিরিক্ত বা অগ্রিম প্রদত্ত চাঁদা পরবর্তী মাসের দায় এর সঙ্গে সমন্বয় করা হবে।

২.৩। সদস্যপদ হস্তান্তর

সদস্য তাঁর সদস্যপদ পরিবারের সদস্য, উত্তরাধিকারী বা নিকট জনের নিকট লিখিতভাবে হস্তান্তর করতে পারবেন। এ ক্ষেত্রে পরিচালনা পর্ষদের পূর্ব অনুমোদন এর জন্য সভাপতি বরাবর আবেদন দাখিল করিতে হবে। আবেদন প্রাপ্ত হবার ১ মাসের মধ্যে পরিচালনা পর্ষদ হস্তান্তর গ্রহীতার পরিচয়, আর্থিক সামর্থ্য ও উদ্দেশ্য যাচাই করে উক্ত আবেদন মঞ্জুর বা নাকচ করবেন। আবেদন অনুমোদন হলে গ্রহীতা পূর্ববর্তী সদস্যের সমুদয় দায়, অধিকার ও আর্থিক অবস্থান গ্রহণ করবেন; হিসাব নম্বর প্রতিস্থাপিত হবে এবং ডিরেক্টরিতে পরিবর্তন লিপিবদ্ধ হবে। তবে, কোন কারণে হস্তান্তরের আবেদন না-মঞ্জুর হলে বিদ্যমান সদস্য অন্য কোন ব্যক্তিকে মনোনীত করে পুণঃরায় আবেদন করতে পারবেন।

২.৪। সদস্যপদ বাতিল ও প্রত্যাহার

- (ক) একটানা ৩ মাস মাসিক চাঁদা বা ঋণাসিক ফি বকেয়া থাকলে সংশ্লিষ্ট পরিচালনা পর্ষদ কর্তৃক উক্ত সদস্যকে ১৫ দিনের কারণ দর্শানোর লিখিত নোটিশ প্রদান পূর্বক সমিতির সদস্যপদ থেকে অব্যহতি প্রদান করিতে পারিবেন।
- (খ) স্বেচ্ছায় পদত্যাগের ক্ষেত্রে সভাপতি সমিতি লিখিত আবেদন এবং সমুদয় আর্থিক দায় নিষ্পত্তি আবশ্যিক।
- (গ) গুরুতর নৈতিক কার্যকলাপ, দুর্নীতি, সংঘাত বা প্রতারণার অভিযোগ প্রমাণিত হলে সদস্যপদ বাতিল করা হবে।

৩.০। পরিচালনা পর্ষদ

সমিতির নির্বাহী কর্তৃত্ব ৩ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত থাকবে। **৩.২ নং অনুচ্ছেদে** বর্ণিত পদ্ধতিতে কমিটি ক্ষমতাপ্রাপ্ত হবে। সাধারণ সভা সমিতির সর্বোচ্চ সিদ্ধান্ত গ্রহণকারী সংসদ এবং পরিচালনা পর্ষদ তার নিকট জবাবদিহি করতে বাধ্য।

পর্ষদের গঠন: সভাপতি → সাধারণ সম্পাদক → অর্থ সম্পাদক

৩.১। দায়িত্ব ও ক্ষমতা

- (ক) মাসিক ও বার্ষিক সাধারণ সভা আহ্বান, পরিচালনা এবং কার্যবিবরণী সংরক্ষণ।
- (খ) নতুন সদস্য অন্তর্ভুক্তি, সদস্যপদ বাতিল এবং বিনিয়োগ ও নির্মাণ সংক্রান্ত নীতিমালা নির্ধারণ এবং প্রকল্প বাস্তবায়ন করা।
- (গ) ব্যাংক হিসাব খোলা বা বন্ধ করা, ব্যবস্থাপনা করা এবং আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ।
- (ঘ) সমিতির সদস্যগণের মধ্যকার অনিয়ম, বিরোধ বা অসদাচরণ তদন্তপূর্বক নিষ্পত্তি ও সিদ্ধান্ত গ্রহণ।
- (ঙ) বিশেষ পরিস্থিতিতে অন্তর্বর্তীকালীন সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন, যা পরবর্তী সাধারণ সভায় অনুমোদনযোগ্য।

UNITY 30

4/C (3rd Floor), Paradise Lake View Apartments,
BO-73/1, Lake Drive Road, South Gulshan, Dhaka-1212
Phone: 01929125100
Email: ranamishuk@gmail.com

৩.২। নির্বাচন পদ্ধতি

প্রতি ২ বছর অন্তর অন্তর নির্বাচন অনুষ্ঠিত হবে এবং প্রত্যেক সদস্য ভোটাধিকার প্রয়োগ করবেন। নির্বাচনের প্রার্থীতার জন্য আগ্রহী সদস্যের সমিতির সকল ফি ও চাঁদা হালনাগাদ থাকতে হবে এবং সমিতি সুচারুভাবে পরিচালনার জন্য ঢাকায় অবস্থানকারী এবং শারিরীক, মানসিক ও বুদ্ধিভিত্তিক সক্ষমতা আছে এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। নির্বাচন পরিচালনার জন্য সমিতির সদস্যদের থেকে ৩ সদস্যের একটি নির্বাচন কমিশন গঠন করা হবে। নির্বাচনে নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে সদস্যগণ ভোট প্রদান করবেন। ভোট প্রদান পদ্ধতি গুগল ফর্ম, অনলাইন প্ল্যাটফর্ম বা সরাসরি ব্যালট পদ্ধতিতে অনুষ্ঠিত হবে এবং প্রতিটি পদে সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থী নির্বাচিত বলে ঘোষিত হবেন।

৪.০। চাঁদা আদায় ও বিলম্ব ব্যবস্থাপনা

৪.১। পরিশোধ পদ্ধতি

- (ক) সদস্যগণ সমিতির নির্ধারিত ব্যাংক হিসাবে সরাসরি নিজ নিজ জমা প্রদান করে প্রমাণক রসিদ সংগ্রহ করবেন।
- (খ) বিকাশ, নগদ বা অন্য অনুমোদিত ডিজিটাল মাধ্যমে সরাসরি ব্যাংকে প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য চার্জ উক্ত সদস্যের বহন করতে হবে।
- (গ) নগদে পরিশোধের ক্ষেত্রে অর্থ সম্পাদক এর নিটক হতে রসিদ গ্রহণ করা বাধ্যতামূলক।
- (ঘ) প্রতিটি জমার বিবরণ রেজিস্টারে লিপিবদ্ধ থাকবে এবং অনলাইন হিসাবে প্রতিফলিত হবে।

৪.২। বিলম্ব ফি ও জরিমানা

- নির্ধারিত সময়ের পর মাসিক চাঁদা পরিশোধ করলে প্রতি মাসের জন্য ১,০০০ টাকা বিলম্ব ফি প্রযোজ্য হবে।
- নির্ধারিত মাসে ষাণ্মাসিক কিস্তি পরিশোধে ব্যর্থ হলে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ৫,০০০ টাকা জরিমানাসহ তা পরিশোধ করতে হবে অন্যথায় পুনঃ বিলম্ব ফি প্রযোজ্য হবে।
- একটানা ৩ মাস মাসিক চাঁদা বা ষাণ্মাসিক ফি বকেয়া থাকলে সংশ্লিষ্ট পরিচালনা পর্ষদ কর্তৃক উক্ত সদস্যকে ১৫ দিনের কারণ দর্শানোর লিখিত নোটিশ প্রদান পূর্বক **অনুচ্ছেদ ২.৪ (ক)** মতে সমিতির সদস্যপদ থেকে অব্যাহতি প্রদান করিবেন এবং জমাকৃত টাকা হতে মেইনটেন্যান্স খরচ বাবদ ৬% টাকা কর্তন করে বাকী টাকা উক্ত শেয়ার অন্যত্র বিক্রয় পূর্বক ফেরত প্রদান করিবেন।

৫.০। ব্যাংক হিসাব ব্যবস্থাপনা

- (ক) সমিতির নামে এক বা একাধিক নির্ভরযোগ্য তফসিলি ব্যাংকে সেভিংস বা চলতি হিসাব পরিচালিত হবে।
- (খ) সমুদয় লেনদেন পরিচালনা পর্ষদ এর অনুমোদিত সদস্যদের নামে পরিচালিত যৌথ ব্যাংক হিসাবে পরিচালিত হবে এবং হিসাব এর নামীয় স্বাক্ষরদাতাগণের মধ্য হতে নূনতম দুইজনের যৌথ স্বাক্ষরে সম্পন্ন হবে; যাহার ১ জন আবশ্যিক ভাবে অর্থ সম্পাদক।
- (গ) প্রতি মাসের ব্যাংক স্টেটমেন্ট পরিচালনা পর্ষদের সভায় সকল সদস্যদের অবগতির জন্য উপস্থাপন করা হবে।
- (ঘ) যেকোনো সদস্যের অনুরোধে হিসাব বিবরণী সাধারণ সভায় প্রকাশ করা হবে।
- (ঙ) অনলাইন ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে লেনদেন নিয়মিত মনিটরিং করা হবে।
- (চ) লেনদেন সংক্রান্ত কোন অনিয়ম বা সন্দেহের উদ্ভূত হলে যেকোন সদস্য সরাসরি পরিচালনা পর্ষদকে অবগত করতে পারবেন।

৬.০। তহবিল বৃদ্ধি ও বিনিয়োগ

৬.১। বিলম্ব ফি, জরিমানা ও অনুদান

বিলম্ব ফি, জরিমানা ও অনুদান হতে প্রাপ্ত সমুদয় অর্থ সাধারণ তহবিলে জমা হবে এবং জমি পরিদর্শন, আইনি ব্যয়, নকশা অনুমোদনসহ উন্নয়নমূলক কর্মকাণ্ডে ব্যবহৃত হবে। উল্লেখ্য যে, সমিতি কর্তৃক বিভিন্ন মানবিক ও সামাজিক কাজে অবদান রাখার জন্য ব্যাংক প্রদত্ত মুনাফা বা সমিতির মূল টাকার বিপরীতে প্রাপ্ত অর্থ ব্যাবহার করতে পারবেন।

৬.২। চাঁদার হার পুনর্নির্ধারণ

ভবিষ্যতে জমির মূল্য বা নির্মাণ ব্যয় বৃদ্ধি পেলে চাঁদার হার বর্ধিত করা যাবে। এ জন্য ন্যূনতম ৭৫% সদস্যের সম্মতি আবশ্যিক এবং উক্ত সিদ্ধান্ত সদস্যদের আর্থিক সামর্থ্য এবং প্রকল্পের বাস্তবিক ব্যয়ের সঙ্গে সংগতিপূর্ণ হতে হবে।

UNITY 30

4/C (3rd Floor), Paradise Lake View Apartments,
BO-73/1, Lake Drive Road, South Gulshan, Dhaka-1212
Phone: 01929125100
Email: ranamishuk@gmail.com

৬.৩। বৈধ বিনিয়োগ পরিচালনা

সমিতির অর্থ কেবল নিরাপদ, আইনসম্মত ও লাভজনক খাতে বিনিয়োগ করা যাবে - যেমন স্বল্পমেয়াদি ডিপোজিট স্কিম, স্থায়ী আমানত (এফডিআর) অথবা যাচাইকৃত নির্ভরযোগ্য রিয়েল এস্টেট প্রকল্প। উচ্চ ঝুঁকিপূর্ণ বিনিয়োগ, ব্যক্তি নির্ভর ব্যবসা, ব্যক্তিগত লোন বা অনিবার্জিত ও পর্যদ-অননুমোদিত কোনো প্রকল্পে অর্থ ব্যয় করা যাবে না।

৭.০। ভূমি ক্রয় পদ্ধতি

- (ক) জমি নির্বাচন পরিচালনা পর্যদ ও সদস্যদের সম্মিলিত সিদ্ধান্তে সম্পন্ন হবে।
- (খ) প্রকল্প গ্রহণের পূর্বে আবশ্যিক ভাবে সাম্ভব্য ব্যয়, সময়, মুনাফা ও ভবিষ্যৎ সম্ভবনা প্রতিবেদন সভায় উপস্থাপন করবেন।
- (খ) অভিজ্ঞ আইনজীবী কর্তৃক জমির কাগজপত্র ভেটিং - খতিয়ান, মৌজা, দাগ নম্বর, রেকর্ড, নামজারি, ডিসিআর ও খাজনা রসিদ যাচাইপূর্বক প্রতিবেদন গ্রহণ বাধ্যতামূলক।
- (গ) সরেজমিন পরিদর্শনের জন্য পরিচালনা পর্যদ আত্মহী সদস্যদের সমন্বয়ে প্রতিনিধি দল গঠন করবেন।
- (ঘ) বিদ্যমান সদস্য কর্তৃক অন্য নামে রেজিস্ট্রেশন নিতে চাইলে রেজিস্ট্রেশনের নোটিশ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে পরিবারের সদস্যদের নাম প্রস্তাব করে সমিতির সকল বিষয় হতে অব্যাহতি গ্রহণ করবেন। দলিল যার নামে রেজিস্ট্রার প্রস্তাব করা হবে তিনি উক্ত সদস্যপদে স্থলাবিষিক্ত হবেন এবং সমিতির সকল বিষয়ে উক্ত ব্যক্তি হিসাব পরিচালনা ও দায়-দেনা পরিশোধে বাধ্য থাকিবেন।
- (ঙ) জমির মূল্য পরিশোধ কেবল লিখিত চুক্তিপত্র স্বাক্ষরের পর ব্যাংকিং চ্যানেলে সম্পন্ন হবে; নগদে পরিশোধ নিষিদ্ধ। উল্লেখ্য যে, বিক্রেতার যদি মৌজা মূল্যের অতিরিক্ত টাকা ক্যাশ নিতে চায় সেক্ষেত্রে আলাদা চুক্তিপত্র করে নগদ টাকা দিতে হবে।
- (চ) প্রকল্প বাস্তবায়নে এককালীন মাথা পিছু চাঁদা নির্ধারিত হলে সকল সদস্য তাহা যথা সময়ে প্রদানে বাধ্য থাকিবেন। কোন সদস্য নির্ধারিত সময়ের মধ্যে তাহার নির্ধারিত ফি বা টাকা প্রদান করতে ব্যর্থ হলে কমিটি কর্তৃক তাহার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ সহ উপযুক্ত জরিমানা আরোপ এমনটি তাহার সদস্যতা বিনা নোটিশে বাতিল করিয়া ব্যাংকে বন্ধক বা অন্যত্র বিক্রয় পূর্বক নির্মাণ কাজ চলমান রাখিতে পারিবেন এ ক্ষেত্রে প্রকল্প সম্পন্নের আগে উক্ত সদস্য টাকা ফেরত পাবেন না।

৮.০। ভবন নির্মাণ পরিকল্পনা

- (ক) অভিজ্ঞ স্থপতি ও প্রকৌশলী নিয়োগ করে নকশা ও প্রকল্প পরিকল্পনা গ্রহণ করা হবে।
- (খ) অনুমোদিত নকশা অনুযায়ী ভবনের তলা ও ইউনিট সংখ্যা নির্ধারিত হবে।
- (গ) নির্মাণের জন্য সদস্যদের নিকট হতে অতিরিক্ত অর্থ গ্রহণের ক্ষেত্রে পূর্ণ স্বচ্ছতা ও নির্দিষ্ট হিসাব প্রদান করা হবে।
- (ঘ) নির্মাণ তদারকির জন্য একাধিক সদস্যের সমন্বয়ে নির্মাণ উপ-কমিটি গঠন করা হবে।
- (ঙ) পরিচালনা পর্যদ কর্তৃক প্রকল্পের সার্বিক আয়-ব্যয় ও ঠিকাদার নিয়োগের ক্ষেত্রে অফিসিয়াল রেকর্ড সংরক্ষণ করিবেন এবং প্রতি সভার মিটিংয়ে তাহা সকল সদস্যদের ব্যখ্যা করিবেন।

৯.০। অনলাইন ব্যবস্থাপনা ও মনিটরিং

সমিতির কার্যক্রম ডিজিটাল ব্যবস্থাপনায় পরিচালিত হবে। এ লক্ষ্যে পরিচালিত ওয়েবসাইট unity30.com / unity30.org ও সদস্যদের **Whatsapp** পোর্টালে মাসিক চাঁদার হালনাগাদ, সদস্য তথ্য, জমি ও নির্মাণকাজের অগ্রগতি, ব্যয় বিবরণী, নোটিশ বোর্ড এবং অনলাইন পেমেন্ট সুবিধা অন্তর্ভুক্ত থাকবে। প্রত্যেক সদস্য নিজ নিজ অ্যাকাউন্টে লগইন করে হালনাগাদ তথ্য দেখতে পারবেন। সদস্য ডিরেক্টরি ও মাসিক আদায় রেজিস্টার নির্ধারিত ছকে সংরক্ষিত হবে এবং পরিচিতি নম্বরের ভিত্তিতে পোর্টালে আপলোড করা হবে। উল্লেখ্য যে, অনলাইন কার্যক্রমের সহিত ম্যানুয়াল রেজিস্টার এর কোন বিতর্ক দেখা দিলে ম্যানুয়াল রেজিস্টার বহি প্রাধান্য পাবে।

১০.০। বিবিধ

- (ক) গঠনতন্ত্রের কোনো ধারা সংশোধন, সংযোজন বা বিলোপের জন্য সদস্যদের দুই-তৃতীয়াংশ লিখিত সম্মতি আবশ্যিক।
- (খ) কোনো বিষয়ে মতানৈক্য দেখা দিলে পরিচালনা পর্যদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- (গ) সমিতির কোনো সম্পদ বা তহবিল ব্যক্তিগত কাজে ব্যবহার করা যাবে না।
- (ঘ) সমিতির নথি ও তথ্য গোপন রাখা বাধ্যতামূলক; পর্যদের অনুমতি ব্যতীত তা বাইরে প্রকাশ করা যাবে না।
- (ঙ) সমিতির সকল সদস্যগণ নিয়মিত কার্যক্রমে নিজ দায়িত্বে অংশগ্রহণ ও মতামত প্রদান করিবেন।
- (চ) কোন সদস্য তাহার ব্যক্তিগত ক্যাপাসিটিতে কোন অপরাধ সংঘটন বা শৃঙ্খলা ভঙ্গের সহিত জড়িত হলে তৎক্ষণাত্ ব্যক্তিগত ভাবে দায়ী ও বিচার ভুক্ত হবে।

UNITY 30

4/C (3rd Floor), Paradise Lake View Apartments,
BO-73/1, Lake Drive Road, South Gulshan, Dhaka-1212
Phone: 01929125100
Email: ranamishuk@gmail.com

১১.০। সদস্য ডিরেক্টরি ও সংযুক্ত নথি

সদস্য ডিরেক্টরি এই গঠনতন্ত্রের অবিচ্ছেদ্য অংশ। এতে প্রত্যেক হিসাবের পরিচিতি নম্বর, নাম, পদবি, যোগাযোগ, অবস্থা ও মন্তব্য সংরক্ষিত থাকবে এবং পরিবর্তন হলে অবিলম্বে হালনাগাদ করা হবে। নিম্নোক্ত নথিসমূহ এই গঠনতন্ত্রের সঙ্গে সংযুক্ত ও সমভাবে কার্যকর:

১২.০। সংযুক্তি	নথির নাম	সংরক্ষণকারী
ক।	নির্বাচন সংক্রান্ত নথী	সভাপতি
খ।	প্রকল্প সংক্রান্ত ফাইল ও কাগজপত্র	সভাপতি
গ।	সদস্য ডিরেক্টরি (হিসাব ৩০০১-৩০৩০)	সাধারণ সম্পাদক
ঘ।	সভার কার্য্য বিবরণী	সাধারণ সম্পাদক
ঙ।	মাসিক আদায় রেজিস্টার	অর্থ সম্পাদক
চ।	বার্ষিক আর্থিক প্রতিবেদন	অর্থ সম্পাদক
ছ।	ব্যাংক চেক বই, স্টেটমেন্ট ও লেনদেন নথি	অর্থ সম্পাদক
জ।	অন্যান্য	অর্থ সম্পাদক

এই গঠনতন্ত্র সমিতির সার্বিক কর্মকাণ্ডের নির্দেশিকা হিসেবে বিবেচিত হবে। সকল সদস্য এর প্রতি আনুগত্য প্রকাশে বাধ্য থাকবেন এবং কোনো ব্যতিক্রম দেখা দিলে তা পরিচালনা পর্ষদের বিবেচনার ভিত্তিতে নিষ্পত্তি করা হবে।

১৩.০। সংশোধনের রেকর্ড

সংস্করণ	তারিখ	সংশোধনের সারসংক্ষেপ
১.০	১০ জানুয়ারী ২০২৫	মূল গঠনতন্ত্র প্রণয়ন ও গ্রহণ

১৪.০। অনুমোদন ও স্বাক্ষর

নাম	পদবি	স্বাক্ষর ও তারিখ
আনিসুর রহমান	সভাপতি	No Sign Required
মতিন সরকার মিশুক	সাধারণ সম্পাদক	No Sign Required
মামুন মিয়া	অর্থ সম্পাদক	No Sign Required

সমিতির পক্ষে পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত ও অনুমোদিত।